

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১২১৯

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/১৩৬. যে ব্যক্তি সালাম ফিরানোর পর দু'টি সাহু সিজদা করে।

بَابِ مَا جَاءَ فِيمَنْ سَجَدَهُمَا بَعْدَ السَّلَامِ

### আরবী

حَدَّتَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، وَعُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، قَالاَ حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عَيَّاشٍ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُبَيْدٍ، عَنْ زُهَيْرِ بْنِ سَالِمِ الْعَنْسِيّ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ جُبَيْرِ بْنِ نُفَيْرٍ، عَنْ تُوْبَانَ، قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ يَقُولُ " فِي كُلِّ سَهْوٍ سَجْدَتَانِ بَعْدَ مَا يُسَلِّمُ ".

#### বাংলা

২/১২১৯। সাওবান (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছিঃ প্রতিটি ভুলের জন্য সালাম ফিরানোর পর দুটি সিজদা করতে হবে।

## **English**

It was narrated that Thawban said:

"I heard the Messenger of Allah () say: 'For every mistake there are two prostrations, after saying the Salam.'"

## ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: আবূ দাউদ ১০৩৮, আহমাদ ২১৯১১।

তাহকীক আলবানী: হাসান। তাখরীজ আলবানী: ইরওয়াহ ৪৭, সহীহ আবী দাউদ ৯৫৪। উক্ত হাদিসের রাবী ইসমাঈল বিন আয়্যাশ সম্পর্কে ইয়াহইয়া বিন মাঈন বলেন, আহলে শাম থেকে হাদিস বর্ণনায় কোন সমস্যা নেই। আলী ইবনুল মাদীনী, ইবনু আবু শায়বাহ, আমর ইবনুল ফাল্লাস ও দুহায়ম বলেন, শাম শহর থেকে হাদিস বর্ণনায় তিনি সিকাহ কিন্তু অন্য শহর থেকে হাদিস বর্ণনায় দুর্বল। ২. যুহায়র বিন সালিম আল আনসারী সম্পর্কে ইমাম



দারাকুতনী বলেন, তিনি হাদিস বর্ণনায় মুনকার। তিনি সাওবান থেকে হাদিস শ্রবন না করেও হাদিস বর্ণনা করেছেন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সাওবান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন